

যুগান্তর

প্রিন্ট: ২৩ মার্চ ২০২৫, ০৯:৪০ এএম

শিক্ষাঙ্গন

রাবি ছাত্রশিবিরের ইফতারে এক ছাঁদের নিচে বিএনপি-জামায়াতপন্থি শিক্ষকরা



রাবি প্রতিনিধি

প্রকাশ: ২৩ মার্চ ২০২৫, ০৯:১৩ এএম



মাহে রমজান উপলক্ষ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) শাখা ছাত্রশিবিরের আয়োজনে শিক্ষকদের নিয়ে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২২ মার্চ) বিকালে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ক্যাফেটারিয়ায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকদের নিয়ে এ আয়োজন করা হয়।

শাখা ছাত্রশিবিরের সেক্রেটারি মোজাহিদ বাবুর সঞ্চালনায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. সালেহ হাসান নকীব বলেন, মুসলমানদের কাছে পবিত্র এ রমজান মাসের গুরুত্ব অতুলনীয়। রমজান মাসেই মুসলমানদের পবিত্র ধর্মগ্রন্থ আল-কুরআন নাজিল করা হয়েছে। এই

ত্যাগের মাস থেকে আমাদের সকলের শিক্ষা নিয়ে এগিয়ে যেতে হবে। ইফতার মাহফিলে দাওয়াত দেওয়ার জন্য ছাত্রশিবিরকে ধন্যবাদ জানান তিনি।



বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. মাস্টিন উদ্দিন বলেন, জুলাই বিপ্লবের মতো এখনো শিক্ষার্থীদের একই সাথে ঐক্যবদ্ধ থাকার নির্দেশনা প্রদান করেন তিনি।

শাখা ছাত্রশিবিরের সভাপতি মোস্তাকুর রহমান জাহিদ বলেন, আমরা চেষ্টা করেছি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষককে নিয়ে এক ছাঁদের নিচে ইফতার করার। অনেক শিক্ষক আমাদের ডাকে সাড়া দিয়ে আমাদের ইফতার মাহফিলে অংশ নিয়েছেন। ফ্যাস্টিটদের বিরুদ্ধে আমরা ছাত্র-শিক্ষক

সবাই মিলে ঐক্যবদ্ধ আছি এবং ভবিষ্যতেও থাকবো, ইনশাআল্লাহ।

এ সময় ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন-বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. ইফতেখারুল আলম মাসউদ, কলা অনুষদের ডীন অধ্যাপক ড. মো. বেলাল হোসেন, সিভিকেট সদস্য অধ্যাপক ড. মো. নিজাম উদ্দিন, জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক ড. মো. আখতার হোসেন মজুমদার, প্রক্টর অধ্যাপক ড. মাহবুবর রহমান, ইমেরিটাস অধ্যাপক ড. একেএম আজহারুল ইসলাম, ছাত্র উপদেষ্টা আমীরুল ইসলাম কনক, আইসিটি সেন্টারের পরিচালক অধ্যাপক ড. সাইফুল ইসলামসহ প্রায় দেড় শতাধিক শিক্ষক উপস্থিত ছিলেন।